Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 25 April, 2025

অসুস্থ বাবাকে দেখতে এসে রাস্তা পারপারের সময় সাতক্ষীরা লাইন নামে এক যাত্রীবাহী বাসের নিচে পিষ্ট হয়ে মা ও ছেলে প্রানীহানী ঘটেছে ।একই সময়ে আহত হয়েছে স্বামী অপূর্ব সাধু।শুক্রবার বেলা ১টার দিকে খুলনা-সাতক্ষীরা মহা সড়কের কুমিরা কদমতলা নামক স্থানে মর্মান্তিক এ দূর্ঘটনাটি ঘটে।নিহতরা হলেন, খুলনা জেলার পাইকগাছা উপজেলার কপিলমুনি গ্রামের অপূর্ব সাধুর স্ত্রী ঋতা সাধু (৩২)ও তার শিশুপুত্র সৌরভ সাধু(৩)।

প্রতক্ষদর্শীদের মধ্যে তমা সাধু ও চম্পা সাধু জানান, ঋতা সাধুর বাপের বাড়ি যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ি গ্রামে। তার বাবার নাম রনজিৎ সাধু ও মায়ের নাম মালতি সাধু।বর্তমানে অপূর্ব সাধু ও ঋতা সাধু দম্পতির ঘরে দুই ছেলে ও এক মেয়ে রয়েছে। শুক্রবার বার সকালে অসুস্ত বাবা রানজিত সাধুকে দেখতে মোটর সাইকেল যোগে তিন জন সাগরদাঁড়ি দিকে যাচ্ছিল।পথিমধ্যে বেলা ১টার দিকে কুমিরা কদমতলা এলাকায় পৌঁছালে ঢাকা থেকে সাতক্ষীরা গামী সাতক্ষীরা লাইনের একটি যাত্রবাহী বাস তাদের পিছন থেকে ধাক্কা মারে ।এতে ছিটকে পড়ে চাকার নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলে নিহত হন ঋতা সাধু ও ছেলে সৌরভ সাধু।ওই সময় আহত হয় স্বামী অপূর্ব সাধু। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে তাদের লাশ উদ্ধার করে।

পাটকেলঘাটা থানার ভারপ্রাপ্তকর্মকর্তা(ওসি) মাইনুদ্দীন জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে বিষয়টি বর্তমানে হাইওয়ে পুলিশ দেখভাল করছে।

খর্নিয়া হাইওয়ে পুলিশের উপ-পরিদর্শক শিমুল মন্ডল জানান, ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে সাতক্ষীরা সদর হাসপাতালে পাঠানো হয়েছে ঘাতক পরিবহনটি আটকের চেষ্টা চলছে।

পুলিশ দূর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:33

URL: https://timestodaybd.com/khulna/7758071435